গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা ভূমি অফিস

ফকিরহাট, বাগেরহাট

www.aclfakirhat.bagerhat.gov.bd

স্মারক নং: ৩১.৪৪.০১৩৪.০০০.৫৬.০৩৮.২৪-০৫ তারিখ: ১৫/০১/২০২৪ খ্রি.

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী ফকিরহাট উপজেলার নিম্নলিখিত ২০ (বিশ) একরের নিচে জলমহাল বাংলা ১৪৩১-১৪৩৩ সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

### জলমহালসমূহ

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন (একর) | সরকারি মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১। | বেতাগা | মাসকাটা নাপিতের পুকুর | ০.৯৭ একর | ১৫,৯০৮/= | ৫০০/= |
| ০২। | ধনপোতা | ধনপোতা দোয়াখার পুকুর | ০.৭২ একর | ৮৬৬৩/= | ৫০০/= |
| ০৩। | বেতাগা | নওয়াপাড়া পুকুর | ০.৪২ একর | ১১,০২৫/= | ৫০০/= |
| ০৪। | বেতাগা | মাসকাটা পুটের পুকুর | ০.৫৬ একর | ৭,৪০০/= | ৫০০/= |

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদানের পদ্ধতি

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন এর মধ্যে | অনলাইনে আবেদন গ্রহণ | |
| ০২ | ০৩ ফাল্গুন এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। | |
| ০৩ | ১৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। | |
| ০৪ | ১৫ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন। | |
| ০৫ | ২৯ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। | |
| ০৬ | ১৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৭ | ২৩ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান ও ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। | |
| ০৮ | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেওয়া। | |

শর্তাবলী :

১। অফিস চলাকালীন সময়ে উপজেলা ভূমি অফিস, ফকিরহাট হতে আবেদন ফরম ক্রয় করতে হবে। আবেদন ফরম বাবদ ৫০০/- টাকা (অফেরতযোগ্য) উপজেলা ভূমি অফিস, ফকিরহাট, বাগেরহাট এ জমা দিতে হবে। উপর্যুক্ত সূচি অনুযায়ী স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি-কে http://jmlams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সিলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা ভূমি অফিস, ফকিরহাট এ রক্ষিত বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে জমা দিতে হবে।

৩। প্রতিটি জলমহালের জন্য পৃথকভাবে আবেদন দাখিল করতে হবে। একটি আবেদনে একাধিক জলমহাল উল্লেখ করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪। স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবে। তবে একই ইজারামূল্য লিখিত আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৫। আবেদন ফরমের সাথে দাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের ২০% পরিমাণ অর্থ যেকোনো তফসীলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পেঅর্ডার আকারে সহকারী কমিশনার (ভূমি), ফকিরহাট এর অনুকূলে জামানত দাখিল করতে হবে।

৬। মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নসহ বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। উল্লেখ্য, নতুন নিবন্ধিত মৎস্যজীবি সমবায় সমিতির ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

৭। আবেদন যথাযথভাবে পূরণ করতে হবে এবং আবেদনে স্বাক্ষর করতে হবে। কোনরকম কাটাকাটি, ঘষামাজা, লেখার উপর লেখা এরূপ দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য নয়। এ রকম হলে তা বাতিল বলে বিবেচিত হবে।

৮। আবেদনের উদ্ধৃত মূল্যের ৫% হারে আয়কর ও ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) হিসেবে যার আবেদন অনুমোদন হবে, তাকে অনুমোদনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট খাতে সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে ইজারা অর্থ জমা দিয়ে জমা চালানের মূল কপি এ অফিসে দাখিল করতে হবে। অন্যথায় কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই জামানত বাজেয়াপ্তসহ আবেদন পুনঃ আহ্বান করা হবে।

৯। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের ১৫ (পনের) দিনের মধ্যে সম্পূর্ণ ইজারার অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায়, নির্ধারিত তারিখে সমুদয় ইজারামূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১০। ইজারা গ্রহীতাকে ১ম, ২য় ও ৩য় বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায়, ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১১। যার আবেদন গৃহীত/অনুমোদিত হবে, তাকে অনুমোদন পত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ইজারা বিধি মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট এর অনুকূলে কবুলিয়তনামা (চুক্তিপত্র) সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদনে ব্যর্থ হলে তার ইজারা বাতিলপূর্বক জমাকৃত ইজারা মূল্য ও সম্পূর্ণ অর্থ উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট এর অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১২। ইজারাদার কোনোক্রমেই ইজারাপ্রাপ্ত জলমহাল অন্য কারো নিকট উপ-বন্দোবস্ত (সাব-লিজ) প্রদান করতে পারবে না। ইজারাদার অনুরূপ কোনো কার্যকলাপে লিপ্ত হলে বা ইজারা চুক্তির কোনো শর্ত ভংগ করলে তার ইজারা মূল্য ও সম্পূর্ণ অর্থ বাজেয়াপ্তসহ ইজারা আদেশ বাতিল বলে গণ্য হবে। ইহাতে কোনো প্রকার ওজর আপত্তি গ্রহনযোগ্য হবে না।

১৩। আবেদন দাতাকে তার স্ব-স্ব ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

১৪। আবেদন দাখিল করার পূর্বে জলমহাল সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। পরবর্তীতে জলমহাল বিষয়ে তার কোনো ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ/স্থগিত রাখার বা যে কোনো বা সমুদয় আবেদন বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

১৬। এছাড়া, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তসমূহ প্রযোজ্য হবে।

১৫/০১/২০২৪

(সাজিয়া সিদ্দিকা সেতু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ফকিরহাট, বাগেরহাট।

CamScanner